মেহেরপুর পৌরসভা কার্যালয়,মেহেরপুর।

৬নং ওয়ার্ড সমন্বয় কমিটির (WC) সভা

সভাপতি ঃ জনাব মোঃ শাহিনুর রহমান কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।

স্থান ঃ কাউন্সিলর সাহেবের নিজস্ব বাসভবন,মন্ডলপাড়া ০৬নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা।

সভার তারিখ বিকাল ৩.০০ ঘটিকা - ১২/১২/২০১৯খ্রিঃ।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্য ও সহায়ক কর্মকর্তাগনকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ওয়ার্ডের চলমান উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কে আলোচনা করেন।

সভাপতি মহোদয় WC র সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি জ্ঞাত করেন যে ওয়ার্ড সমন্বয় কমিটি আইন দ্বারা স্বীকৃত একটি কমিটি। প্রতি তিন মাস পর পর ওয়ার্ডের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করার জন্য আমরা একত্রিত হয় নিয়মিত। নিয়মিত পৌর কর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগীতা করার জন্য তিনি সদস্যদের অনুরোধ করেন।

আলোচ্যসূচীঃ

১। বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন প্রসংগে।
২। ড্রেন মেরামত করন প্রসংগে।
৩। UGIIP-III প্রকল্পের আওতায় রাস্তা ও ড্রেন করন প্রসংগে।
৪। বিবিধ।

ক্রঃনং	আলোচ্য সূচী	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
০১	বিগত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন	সদস্য সচিব আলোচ্য সূচীর উপর আলোচনা করেন। তিনি পূর্ববর্তী সভার কার্য বিবরনী পাঠ আলোচনা ও অনুমোদন গ্রহন করেন।	TLCC র সভার মাধ্যমে মাসিক মিটিং এ উপস্থাপন করে পর্যায়ক্রম সমস্যা সমূহ সমাধানের সিদ্ধান্ত গৃহীত হয়।	সচিব
০২	ড্রেন মেরামত ও পরিস্কার করন প্রসংগে।	আলোচ্য সূচীর উপর আলোচনা করেন সদস্য সচিব, মেহেরপুর পৌরসভা। তিনি বলেন আপনার এলাকা পরিস্কার পরিচ্ছন্ন রাখার দায়িত্ব আপনার। এ ব্যাপারে পৌরসভা আপনাকে সহযোগিতা করবে। পৌরবাসীর উন্নয়ন ও সেবার মান নিশ্চিত করতে আপনারা যদি নিয়মিত পৌর কর পরিশোধ না করেন তবে পৌরসভা পরিচালনা করা কষ্টকর হবে। সদস্য জনাব নাসরিন সভাপতি মহোদয়কে অনুরোধ জানান ৬নং ওয়ার্ডের বড় বাজার হতে টিএন্টটি পর্যন্ত যে পাইপ ড্রেন হয়েছে উক্ত রাস্তার অবস্থা খুবই নাজুক এবং লাইফকেয়ারের সামনে সাইট ড্রেনের অবস্থা খুবই ভয়াবহ উহা দ্রুত সমাধান করার জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ করেন। সদস্য জনাব মোঃ সাহেদুর জামান বলেন	ওয়ার্ডের পরিস্কার পরিচ্ছন্নতা, সড়ক বাতি, পানি ও স্যানিটেশন সমস্যা সমাধানের ব্যাপারে TLCCর সভায় সুপারিশ করা হয়।	সচিব

		ফৌজদারীপাড়া হতে টিএনটি রোডের ড্রেন দ্রুত করার জন্য আবার অনুরোধ করেন। তাছাড়া ৬নং ওয়ার্ডের বিভিন্ন এলাকায় পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি, পরিচ্ছন্ন কর্মী দ্বারা ময়লা অপসারন কার্যক্রম জোরদারসহ অত্র এলাকায় দ্রুত সড়ক বাতি প্রতিস্থাপনের জন্য সদস্য গন সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষন করন।		
০৩	UGIIP-III প্রকল্পের আওতায় নতুন রাস্তা ও ড্রেন করন প্রসংগে।	আলোচ্য সূচীর উপর আলোচনা করেন উপ-সহকারী প্রকৌশলী। তিনি সকলকে শুভেচ্ছা জানান এবং বলেন UGIIP-III প্রকল্পের আওতায় ২য় ফেজে ফৌজদারীপাড়া হতে টিএনটি রোডের ড্রেন এর প্রকল্পটি সংযুক্ত করার জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষন করন।	শহর সমন্বয় কমিটি এবং পৌর পরিষদে আলোচনার মাধ্যমে পর্যায়ক্রমে সমস্যা সমূহ সমাধানের সুপারিশ করা হয়।	সচিব
০৪	বিবিধ	আলোচনায় সচিব মেহেরপুর পৌরসভার নিরাপদ অভিবাসন সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। তিনি বলেন বিদেশ যাওয়ার আগে ভালো করে জেনে বুঝে সঠিক নিয়ম অনুসরন করে বৈধ পথে বিদেশ গমনের ব্যাপারে সকলকে সচেতন হতে হবে।		

সহ-সভাপতি সকল সদস্যকে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জানান। নিয়মিত পৌরকর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগিতা করার সুযোগ করে দিতে সদস্যদের অনুরোধ করেন। তাদের সমস্যা গুলো পৌর পরিষদে আলোচনার মাধ্যমে পর্যায়ক্রমে সমাধানের চেষ্টা করবেন বলে সদস্যদের আশ্বস্ত করেন।

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় তিনি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ শাহিনুর রহমান)
সভাপতি(WC)
ও
৬নং ওয়ার্ড কাউন্সিলর
মেহেরপুর পৌরসভা।

মেহেরপুর পৌরসভা কার্যালয়
মেহেরপুর।

পরিশিষ্ট-ক

সভার তারিখ ঃ ১২/১২/২০১৯,ইং সময় বিকাল ৩.০০ ঘটিকা
সভার স্থান ঃ কাউন্সিলর সাহেবের নিজস্ব বাসভবন।

৬নং ওয়ার্ড কমিটির উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষর

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোছাঃ শিউলী আক্তার	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	
২	জনাব মোঃ সানোয়ার হোসেন	ক্যাশবপাড়া, মেহেরপুর	
৩	জনাব মোঃ উজ্জল কুমার	ক্যাশবপাড়া, মেহেরপুর	
৪	জনাব মোঃ সালেকুর	ক্যাশবপাড়া, মেহেরপুর	
৫	জনাব মোঃ সাহেদুর জামান	ফৌজদারীপাড়া, মেহেরপুর	12/12/19
৬	জনাব মোছাঃ দিলয়ারা খাতুন	ক্যাশ্ববপাড়া, মেহেরপুর	
৭	জনাব মোছাঃ হোসনেয়ারা খাতুন	ক্যাশ্ববপাড়া, মেহেরপুর	
৮	জনাব নাসরিন	বড় বাজার, মেহেরপুর	
৯	জনাব মোঃ মাজেদুল হক	উপ-সহকারী প্রকৌশলী	12/12/19
১০	মোঃ শাহিনুর রহমান	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	